যখন তোমরা আলহামদু লিল্লাহ পড়ো, তখন তোমরা বিছমিল্লাহির রাহমানির রাহিম পড়। এটি কুরআনের মা, কিতাবের মা এবং সাতটি প্রশংসনীয় আয়াত। আর বিসমিল্লাহির রাহমানির রাহীম তার একটি।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাহি ওয়াসাল্লাম বলেছেন, “যখন তোমরা আলহামদু লিল্লাহ পড়ো, তখন তোমরা বিছমিল্লাহির রাহমানির রাহিম পড়। এটি কুরআনের মা, কিতাবের মা এবং সাতটি প্রশংসনীয় আয়াত। আর বিসমিল্লাহির রাহমানির রাহীম তার একটি”। [সহীহ] [এটি বাইহাকী বর্ণনা করেছেন। - এটি দারাকুতনী বর্ণনা করেছেন।]

সালাতে সূরা ফাতিহার পূর্বে বিসমিল্লাহ পড়ার প্রচলন থাকার বিষয়টি হাদীসটি স্পষ্ট করে। কারণ, এটি সূরা ফাতিহারই একটি অংশ। পড়া দ্বারা উদ্দেশ্য আস্তে পড়া বড় আওয়াযে নয়। অসংখ্য ও বিশুদ্ধ হাদীসে জোরে না পড়ার কথা এসেছে। আর তাহাবী বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং তার পরবর্তী খুলাফায়ে রাশেদীন থেকে বিসমিল্লাহ উচ্চ আওয়াজে না পড়ার বিষয়টি মুতাওয়াতির বর্ণনা দ্বারা প্রমাণিত।

http://sunnah.global/hadeeth/bn/show/10913